

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 31-08-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দুরদর্শনের সরকাটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই এই অনুষ্ঠান রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় পুনঃপ্রচারিত হবে।

\*\*\*\*\*

**Maan ki Baat-CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঙ্গার মানিক সাহা আজ খোয়াই মহকুমার তুলাশিখর রাজের পূর্ব তকছাইয়া গ্রামে প্রধানমন্ত্রীর "মন কি বাত" শুনবেন। এর জন্য এই গ্রামের কেরাং পাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**PM REACHED CHINA:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সাংহাই সহযোগিতা সংগঠনের ২৫তম শীর্ষসম্মেলনে অংশ নেবেন। এর জন্য তিনি গতকাল চীনের তিয়ানজিনে পৌঁছেছেন।

আজ থেকে এই শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী বিশ্বের শীর্ষ নেতৃত্বের সঙ্গে দুই দিনের আলোচনায় অংশগ্রহণ করবেন। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, শ্রী মোদী অন্যান্য নেতাদের সাথে আঞ্চলিক নিরাপত্তা, সংযোগ, সুস্থায়ী উন্নয়ন এবং আন্তর্জাতিক সহযোগিতার মতো বিষয়গুলি নিয়ে আলোচনা করবেন। শীর্ষ সম্মেলনে সংগঠনের ২৫ বছরের সাফল্য পর্যালোচনা করা হবে এবং দশ বছরের উন্নয়ন কৌশলও গ্রহণ করা হবে। চীন পঞ্চমবারের মতো সাংহাই সহযোগিতা সংস্থার শীর্ষ সম্মেলন আয়োজন করছে, যেখানে রাষ্ট্রপতি শি জিনপিং সভাপতিত্ব করবেন। ২০ জনেরও বেশি রাষ্ট্রপ্রধান এবং আন্তর্জাতিক সংগঠনটির ১০ জন শীর্ষ নেতার যোগদানের সন্তাবনা রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়াও রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন বিশিষ্ট অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন।

\*\*\*\*\*

### **EC for ADC Election:**

রাজ্যপাল ইন্সেনা রেজিড নাল্লু রাজ্য নির্বাচন কমিশনার শরদিলু চৌধুরীকে এডিসি নির্বাচনের জন্য নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্ত করেছেন। উপজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব শুভাশিস দাস গতকাল এই নিযুক্তির বিজ্ঞপ্তি জারি করেছেন।

\*\*\*\*\*

### **Cyber crime press meet:**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ গতকাল পুলিস সদর দপ্তরে সাইবার ক্রাইম সংঠান কর্মশালায় বলেছেন, সাইবার অপরাধ মোকাবেলার জন্য সাংবাদিক-সহ সমাজের নাগরিকদের সহযোগিতার প্রয়োজন। রাজ্যে সাইবার অপরাধ মোকাবেলার জন্য আধিকারিকদের প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি প্রয়াস

কর্মসূচীর মাধ্যমে সচেতনতা গড়ে তোলা হচ্ছে। শ্রী অনুরাগ তথ্য দিয়ে জানান, রাজ্য ২০২১ সাল থেকে এখন পর্যন্ত নাগরিকদের ৪৬ কোটি ৯৬ লক্ষ টাকা সাইবার প্রতারকরা হাতিয়ে নিয়েছে। তারমধ্যে ৫ কোটি দুই লক্ষ টাকা সাইবার পুলিশ উদ্ধার করতে পেরেছে। ৩৪ লক্ষ টাকা নাগরিকদের ফিরিয়ে দেওয়া হয়েছে। তিনি আরও জানান, রাজ্য পুলিশ সাইবার প্রতারনার মামলায় এখনও পর্যন্ত ২০ হজার ২৭ টি ব্যক্ত অ্যাকাউন্ট ফ্রিজ করেছে। রাজ্যের একমাত্র সাইবার ড্রাইম পুলিশ থানায় এখনও পর্যন্ত ৭০৫ টি মামলা নথিভুক্ত হয়েছে। তবে রাজ্যে সাইবার অপরাধে আর্থিক ক্ষতির পরিমাণ কমছে বলে পুলিশ মহানির্দেশক জানিয়েছেন। যান দুষ্টিনা সংগ্রান্ত তথ্য দিতে গিয়ে তিনি জানান, রাজ্য গত বছর জুলাই মাস পর্যন্ত যান দুষ্টিনায় ১৪৪ জনের মৃত্যু হয়েছিল। এই বছর প্রথম সাত মাসে মৃত্যু হয়েছে ১০৯ জনের কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ মহানির্দেশক আবুলা রমেশ রেজিড, জি এস রাও প্রমুখ।

\*\*\*\*\*

### **Sushanta Choudhury Meeting:**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন শারদীয়া দুর্গাপুজোকে কেন্দ্র করে চাঁদার জুলুমবাজি কোনোভাবেই বরদান্ত করা হবে না। প্রশাসনের সহযোগিতা নিয়ে চাঁদার জুলুমবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল রাণীরবাজার গীতাঞ্জলি হলঘরে জিরানীয়া মহকুমার অধীন সমস্ত ক্লাব, দুর্গাপুজো কমিটি, বিভিন্ন বাজার কমিটি, বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে আয়োজিত বৈঠকে তিনি একথা বলেন। পাশাপাশি আসন্ন শারদোৎসবকে শান্তিপূর্ণ ও নির্বিলোচিত করার জন্য তিনি পুজো উদ্যোগাদের প্রতি আশ্রান জানান।

\*\*\*\*\*

## **First Division:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার চতুর্থ দল হিসেবে কল্যাণ সমিতি সুপার ফোরে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নেশালোকে অনুষ্ঠিত খেলায় গতরাতে কল্যাণ সমিতি ও ফরোয়ার্ড ক্লাবের খেলা ২-২ গোলে ড্র হয়। ফলে ফরোয়ার্ড ক্লাব লিগের লড়াই থেকে বিদায় নেয়। এরআগে এগিয়ে চলো সংঘ, নাইন বুলেটস ক্লাব ও ব্লাডমাউথ ক্লাব সুপার লিগে উঠেছে।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৮.৬ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*